



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

**Ref:**

**Date:** ১২ ডিসেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## সংসদ নির্বাচনে সমন্বিত প্রার্থী দেয়ার আহ্বানের প্রতি ইউপিডিএফের সমর্থন

আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পার্বত্য চট্টগ্রামের তিন আসনে সমন্বিত প্রার্থী দেয়ার জন্য ‘আঞ্চলিক রাজনৈতিক দলগুলোর’ প্রতি সংঘাত ও বৈষম্য বিরোধী পাহাড়ি ছাত্র আন্দোলনের আহ্বানকে স্বাগত জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা আজ ১২ ডিসেম্বর ২০২৫ শুক্রবার এক বিবৃতিতে বলেন, ‘সংঘাত ও বৈষম্য বিরোধী পাহাড়ি ছাত্র আন্দোলনের এই আহ্বান অত্যন্ত সময়োপযোগী এবং এতে পার্বত্য চট্টগ্রামের সাধারণ জনগণের আশা-আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়েছে।’

ইউপিডিএফ আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জাতীয় বৃহত্তর স্বার্থে সর্বোচ্চ ছাড় দিয়ে নিজ দলের বাইরে সংখ্যাগরিষ্ঠের কাছে গ্রহণযোগ্য যে কোন সং, যোগ্য ও নির্দলীয় ব্যক্তিকে সমর্থন দিতে রাজী রয়েছে বলে তিনি তার দলীয় অভিমত জানিয়ে দেন।

অংগ্য মারমা সমন্বিত প্রার্থী যাচাই ও মনোনীত করতে উদ্যোগী ভূমিকা নিতে পার্বত্য চট্টগ্রামের সুধী মহলের প্রতি অনুরোধ জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।